

প্রেস বিজ্ঞপ্তি
মোংলা বন্দরের আউটারবারে ড্রেজিং কাজ শুরু
করতে নৌপরিবহন মন্ত্রীর নির্দেশ

ঢাকা, ২৫ সেপ্টেম্বর;

মোংলা বন্দরকে আরো গতিশীল করার লক্ষ্যে জেটি এলাকায় দু'লাখ ঘনমিটার, হিরণ পয়েন্টের নীলকমল খালে ৪০ হাজার ঘনমিটার মাটি খনন করা হয়েছে। এছাড়া শিরোমনিঘাট ও নোয়াপাড়া নদী বন্দরে নদীর নাব্যতা বৃদ্ধির লক্ষ্যে ড্রেজিং কার্যক্রম চলমান রয়েছে। শিরোমনিঘাট ও নোয়াপাড়া নদী বন্দর এলাকায় এ পর্যন্ত ১০ লাখ ঘনমিটার মাটি খনন করা হয়েছে। অবশিষ্ট ১৫ লাখ ঘনমিটার মাটি খনন কাজ চলতি অর্থবছরের মধ্যে শেষ করা হবে।

আজ ঢাকায় নৌপরিবহন মন্ত্রণালয়ের সভাকক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষের উন্নয়ন, আর্থিক ও প্রশাসনিক সভায় এসব তথ্য জানানো হয়।

নৌপরিবহন মন্ত্রী শাজাহান খান বৈঠকে সভাপতিত্ব করেন।

মন্ত্রী মোংলা বন্দরের আউটারবারে ড্রেজিং কার্যক্রম দ্রুত শুরু করতে মোংলা বন্দর কর্তৃপক্ষকে নির্দেশ দেন।

উল্লেখ্য, মোংলা বন্দর কর্তৃপক্ষ ২০১৭-১৮ অর্থবছরে ৭৮৪ টি জাহাজ হ্যাভলিং করেছে। ২০১৬-১৭ অর্থবছরে জাহাজ এসেছিল ৬২৩ টি।

সভায় অন্যান্যের মধ্যে নৌপরিবহন মন্ত্রণালয়ের সচিব মোঃ আবদুস সামাদ, মোংলা বন্দরের চেয়ারম্যান কমডোর এ কে এম ফারুক হাসান উপস্থিত ছিলেন।


(মোঃ জাহাঙ্গীর আলম খান)
সিনিয়র তথ্য ও জনসংযোগ কর্মকর্তা
নৌপরিবহন মন্ত্রণালয়
☎ ৯৫৭৩৭৭৬ (অফিস)
৫৮৬১৬৮৭০ (বাসা)
০১৭১১৪২৫৩৬৪
jahangirpro66@gmail.com